# Times Today BD

জিএম সিরাজ | দেশজুড়ে | 07 May, 2025

কুড়িগ্রামের রৌমারী ও ভুরুঙ্গামারীতে ৩৬ রোহিঙ্গাসহ ৪৪জনকে আটক করেছে বিজিবি ও পুলিশ।বৃহস্পতিবার সকালে রৌমারী বাজারসহ বিভিন্ন স্থান থেকে ২০ রোহিঙ্গা ও ৮ বাংলাদেশীসহ

২৭জনকে আটক করে বিজিবি।পরে ২ রোহিঙ্গাসহ ৩জনকে আটক করে পুলিশ।জামালপুর ৩৫ বিজিবির অধিনায়ক লে. কর্নেল হাসানুর রহমান জানান, আটক রোহিঙ্গাদের সাথে কথা

বলা হচ্ছে।

তাদের ভারত থেকে পাঠানো হয়েছে বলে তারা জানাচ্ছে।তবে একেক সময় একেক রকম কতা বলছে।নিশ্চিত হয়ে জানানো হবে।তাদের সাথে বাংলাদেশীরাও ছিলেন। এদিকে সকালে ভুরুঙ্গামারীর সীমান্ত বাজারের পাশ নারী পুরুষসহ ১৪ রোহিঙ্গাকে আটক করে বিজিবি। কুড়িগ্রাম ২২ বিজিবি ব্যাটারিয়নের অধিনায়ক লে. কর্ণেল মোহাম্মদ মাহবুব উল হক জানিয়েছে, আটকদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। প্রাথমিকভাবে তারা জানিয়েছে তারা কুতুপালং ক্যাম্পে ছিলেন।

সেখানে তাদের কার্ড না হওয়ায় থাকতে চাচ্ছিলেন না।এরমধ্যে টাকার বিনিময়ে কাজ দেয়ার কথা বলে দালালরা মাইক্রোযোগে তিনদিন আগে ভুরুঙ্গামারীতে নিয়ে আসে।আজ সকালে তাদের রেখে পালিয়ে যায় দালালরা।আটক রোহিঙ্গা বারবার তাদের বক্তব্য পালাচ্ছে বলেও জানান বিজিবির ওই কর্মকর্তা।

কুড়িগ্রাম বাংলাদেশী বিজিবি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 09:25

URL: https://www.timestodaybd.com/across-the-country/2073305738